যুগান্তর

তারিখ 24 NOV 2015

পৃষ্ঠা ৭ কলাম ৩

# প্রাথমিকের শিক্ষার্থীদের জন্য ইন্টার-অ্যাকটিভ পাঠ্যবই

যুগান্তর রিপোর্ট

প্রাথমিক স্তরে প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের হাতে ইন্টার-অ্যাকটিভ ডিজিটাল মাল্টিমিডিয়া পাঠ্যপুস্তক তুলে দিতে চায় সরকার। এ লক্ষ্যে এ স্তরের ১৭টি পাঠ্য বইয়ের ডিজিটাল কনটেন্ট তৈরি করা হচ্ছে। শিক্ষার্থীরা ট্যাবের মাধ্যমে এসব বই পড়তে পারবে। ডিজিটাল কনটেন্ট তৈরির চূড়ান্ত পরিকল্পনা উপস্থাপন উপলক্ষে সোমবার বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) অডিটরিয়ামে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান প্রধান অতিথি ছিলেন। অনুষ্ঠানে তিনি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) অনুমোদিত এসব বইয়ের ডিজিটাল কনটেন্ট ক্লাসরুমে ব্যবহারে পদক্ষেপ নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মেজবাহ উল আলম, আইসিটি বিভাগের সচিব শ্যামসুন্দর সিকদার, বিসিসি নির্বাহী পরিচালক এসএম আশরাফুল ইসলাম, এনসিটিবি চেয়ারম্যান অধ্যাপক নারায়ণচন্দ্র পাল, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক মো. আলমগীর, ব্র্যাকের পরিচালক (শিক্ষা) শফিকুল ইসলাম, সেভ দ্য চিলড্রেনের সিনিয়র শিক্ষা উপদেষ্টা ম. হাবিবুর রহমান প্রমুখ বক্তব্য রাখেন। অনুষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, প্রাথমিকভাবে দুই হাজার স্কুলে এ প্রকল্প চালু করা হবে। জানা যায়, আগামী বছর ষষ্ঠ শ্রেণীর শিক্ষার্থীদের হাতে ট্যাবের মাধ্যমে ইন্টার-অ্যাকটিভ পদ্ধতিতে শিক্ষা দেয়ার কার্যক্রম হাতে নিয়েছে সরকার।